

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৪.০০০০.০১০.০০.৭৩৩.১৭(০৫)-১৬

তারিখঃ ২৫/০১/২০১৭খ্রিঃ।


বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের 'শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি'টি স্থানীয় প্রশাসনের মাধ্যমে ব্যাপক প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৬ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি, ৯ম শ্রেণি, পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ১০ জানুয়ারি, ২০১৭ তারিখে "দৈনিক আমাদের সময়" এবং ১১ জানুয়ারি, ২০১৭ তারিখের "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় প্রকাশিত হয়েছে।

২.০ শিক্ষাবৃত্তির আবেদন ফরম শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে। আবেদন ফরম ফটোকপি করে অথবা ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) থেকে ডাউনলোড করে ব্যবহার করা যাবে। আবেদন পত্র ২৮/০২/২০১৭ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে জমা দিতে হবে। ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ঢাকাস্থ সদর দপ্তরে সরাসরি আবেদন জমা নেয়া হয় না। প্রবাসী কর্মীরা যাতে করে তাদের মেধাবী সন্তানদের জন্য বৃত্তির সুযোগ গ্রহণ করতে পারে সে জন্য স্থানীয় সরকারের জনপ্রতিনিধি, জেলা/উপজেলা শিক্ষা অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও আবেদন ফরম এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপজেলা প্রশাসনের মাধ্যমে ব্যাপক প্রচারসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (আবেদন ফরম ও বিজ্ঞপ্তি) ০২ পাতা।


(নুরুন আখতার)
উপ-সচিব
পরিচালক (আইআরপি)
ফোন- ৯৩৫২৬১৯
d.irp@wewb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
(সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিস (সকল জেলা)।
- ৪। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৬। অফিস কপি/২০১৭।